গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উচ্চ মাধ্যমিক উপবৃত্তি/৩৯/২০২০/২৫২ তারিখ: ২৫.০৮.২০২০ খ্রিঃ

বিষয় : এসইডিপি এর আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উচ্চ মাধ্যমিক/সমমান তালিকাভুক্ত শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে বিকাশ একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতায় সমাপ্তকৃত উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পভুক্ত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির প্রায় ৩ লক্ষ ২৬ হাজার শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণের লক্ষ্যে বিকাশ একাউন্ট খোলার জন্য গত ০৪/০৬/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।
অধিকাংশ প্রতিষ্ঠানে বিকাশ একাউন্ট খোলা হলেও কিছু সংখ্যক প্রতিষ্ঠানে অদ্যাবধি একাউন্ট খোলা হয় নাই ফলে শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ বিতরণ করা সম্ভব হচ্ছে না। বিকাশ একাউন্ট সুষ্ঠভাবে খোলার লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১। বিকাশ কর্তৃপক্ষ পুনরায় সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট যোগাযোগ করে যে সকল প্রতিষ্ঠানে একাউন্ট খোলা হয় নাই সেগুলোর বিকাশ একাউন্ট জরুরী ভিত্তিতে খুলতে হবে।

২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তার আওতাধীন প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগপূর্বক বিকাশ একাউন্ট খোলার জন্য বিকাশ প্রতিনিধি ও প্রতিষ্ঠান প্রধানের সাথে সমন্বয় সাধন করবেন।

৩। যে সকল শিক্ষার্থীর অভিভবকের জাতীয় পরিচয় পত্রের বিপরীতে বিকাশ একাউন্ট খোলা আছে উক্ত বিকাশ একাউন্ট ও সংশ্লিষ্ট জাতীয় পরিচয়পত্রের ফটোকপি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিলেও চলবে।

৪। বিকাশ একাউন্ট খোলা সম্পন্ন হলে বিকাশ প্রতিনিধি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট হতে যোগ্য শিক্ষার্থীর একাউন্ট খোলা সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়নপত্র গ্রহন করবেন। উক্ত প্রত্যয়নপত্র বিকাশ কর্তৃপক্ষ অবশ্যই সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র প্রধান কার্যালয়ে জমা প্রদান করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তার আওতাধীন সকল প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষার্থীর একাউন্ট খোলা সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়ে উক্ত প্রত্যয়নপত্র বিকাশ প্রতিনিধিকে প্রদান করবেন।

৫। মাঠ পর্যায়ের উচ্চ মাধ্যমিক/সমমান উপবৃত্তি সংক্রান্ত যেকোন তথ্য প্রেরণের জন্য নিন্মের ই-মেইলে (hs.stipend@gmail.com) যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৫/০৮/২০২০
(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উচ্চ মাধ্যমিক উপবৃত্তি/৩৯/২০২০/২৫২ তারিখ: ২৫.০৮.২০২০ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহয়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার, জেলা....................................।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা.......................... জেলা..........................।
৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ..........................................................................................।
৮। ব্যবস্থাপনা পরিচালক, বিকাশ লিমিটেড, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, এমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। সংরক্ষণ নথি।

২৫/০৮/২০২০
(আশ্রাফুল মামুন)
গবেষণা কর্মকর্তা
ফোন : ৯৫৮৮৬৫৪